

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. আযানের (জবাবে) যা বলতে হয়

بَابِ مَا يُقَالُ عِنْدَ الْأَذَانِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ عَنْ يَحْيَى عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ بْنِ الْحَارِثِ عَنْ عِيسَى بْنِ طَلْحَةَ قَالَ دَخَلْنَا عَلَى مُعَاوِيةَ فَنَادَى الْمُنَادِي فَقَالَ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَنْ لَا إِلَه إِلَّا اللَّهُ قَالَ وَأَنَا أَشْهَدُ أَنْ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ قَالَ يَحْيَى إِلَّا اللَّهُ قَالَ اللَّهِ قَالَ يَحْيَى الْمَنْوَلُ اللَّهِ قَالَ وَأَنَا أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ قَالَ يَحْيَى وَأَنَا أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ ثُمَّ وَأَنَا أَسْهَدُ أَنَ مُحَمَّدًا وَلَا قُوْتَةَ إِلَّا بِاللَّهِ ثُمَّ وَاللَّهُ فَالَ مُعَاوِيَةُ سَمِعْتُ نَبِيَّكُمْ يَقُولُ هَذَا

বাংলা

১২৩৪. ঈসা ইবনু তালহা বলেন, আমরা মুয়াবিয়া রাদ্বিয়াল্লান্থ আনহ'র নিকট প্রবেশ করলে মুয়াযযিন আযান দিতে আরম্ভ করল: 'আল্লান্থ আকবার আল্লান্থ আকবার'। তখন মুয়াবিয়া রা:ও বলতে লাগলেন: 'আল্লান্থ আকবার আল্লান্থ আকবার'। যখন সে (মুয়াযযিন) বললো, আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, তখন মুয়াবিয়া রা:ও বলতে লাগলেন: আমিও বলছি, আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, যখন সে (মুয়াযযিন) বললো, আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ, তখন মুয়াবিয়া রা:ও বলতে লাগলেন: আমিও (অনুরূপ) সাক্ষ্য দিচ্ছি।'[1](রাবী) ইয়াহইয়া বলেন: আমাদের কোনো কোনো সাথী আমার নিকট বর্ণনা করেছেন, সে যখন 'হাইয়া আলাস সালাহ' বললো, তখন তিনি 'লা হাওলা ওয়ালা- কুওয়াতা ইল্লা বিল্লাহ' বললেন। তারপর মুয়াবিয়া রা: বললেন, আমি তোমাদের নবীকে এরূপই বলতে শুনেছি।'[2]

ফুটনোট

[1] তাহকীক্ব: আবু উমার (সম্পর্কে মুহাদ্দিসগণের মতভেদ উল্লেখ করে মুহাক্বিক্ব বলেন) বাকী রাবীগণ বিশ্বস্ত। তবে এ সনদের মধ্যে (অজ্ঞাত পরিচয় রাবী বা) জাহালত রয়েছে।



[2] তাহখ্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৬১২, ৬১৩, ৯১৪; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৩৬৫ ও সহীহ ইবনু হিব্বান নং ১৬৮৪, ১৬৮৭ তে। আরও দেখুন, হাফিজ ইবনু হাজার তাখরীজুল আযকার পৃ: ৩৪১ এবং পরবর্তী হাদীসটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ঈসা ইবনু তালহা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন